# এলপি গ্যাস লিমিটেড

(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)
উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম-৪২০৪।

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং: ২৮.২৭.০০০০.০০৫.১১.০০৫.২৫-২৬

তারিখ: ১৭/০৭/২০২৫ খ্রি.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীনস্থ বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) এর অঙ্গ প্রতিষ্ঠান এলপি গ্যাস লিমিটেড (এলপিজিএল)-এ নিম্ন বর্ণিত স্থায়ী শূন্য পদে সরাসরি নিয়োগের জন্য প্রত্যেক পদের পার্শ্বে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://lpgl.teletalk.com.bd) দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত/পেশাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | বয়স (সর্বোচ্চ) |
|---|---|---|---|---|
| ১. | নিম্নমান অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর<br>বেতন স্কেল: ৮,৮০০-২১,৩১০/- | ০৪ | কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>সকল পদের ক্ষেত্রে কম্পিউটারে মাইক্রোসফট অফিস প্রসেসিংসহ ই-মেইল, ইন্টারনেট ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>কম্পিউটারে টাইপিং এর গতি প্রতি মিনিটে বাংলায় ২০ টি ও ইংরেজিতে ২০ টি শব্দ হতে হবে। | ৩২ বছর। |
| ২. | ড্রাইভার<br>বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/- | ০১ | কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>বিআরটিএ কর্তৃক ইস্যুকৃত বৈধ লাইসেন্সসহ গাড়ী চালনায় অন্যূন ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | ৩২ বছর। |
| ৩. | নিরাপত্তা প্রহরী<br>বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/- | ০৭ | কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>প্রার্থীর উচ্চতা অন্যূন ৫ ফুট ৫ ইঞ্চি এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। | ৩২ বছর। |
| ৪. | অপারেটর (পরিচালন)<br>বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/- | ০৫ | কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>সরকার অনুমোদিত কোন ইন্সিটিটিউট হতে কারিগরি শিক্ষায় ট্রেড কোর্স সার্টিফিকেট থাকতে হবে। | ৩২ বছর। |
| ৫. | অপারেটর (রি-টেস্টিং)<br>বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/- | ০১ | কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>সরকার অনুমোদিত কোন ইন্সিটিটিউট হতে কারিগরি শিক্ষায় ট্রেড কোর্স সার্টিফিকেট থাকতে হবে। | ৩২ বছর। |
| ৬. | ইলেকট্রিশিয়ান<br>বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/- | ০২ | কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>সরকার অনুমোদিত কোন ইন্সিটিটিউট হতে ইলেকট্রিক্যালে ট্রেড কোর্স সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে। | ৩২ বছর। |

আবেদনের প্রযোজ্য শর্তাবলি:

১। প্রার্থীগণ Online এর মাধ্যমে আবেদন করবেন। সরাসরি/ডাকযোগে/কুরিয়ারের মাধ্যমে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২। সকল নিয়োগের ক্ষেত্রে "বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর অধীনস্থ কোম্পানিসমূহের শ্রমিক-কর্মচারী নিয়োগ নীতিমালা-২০২৩" এবং সংশ্লিষ্ট সরকারি নির্দেশনা অনুসরণ করা হবে। তবে, পরবর্তীকালে এ সংক্রান্ত বিধিবিধানে কোনো সংশোধন করা হলে তা অনুসরণ করা হবে।

৩। সকল নিয়োগের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক গত ২৩-০৭-২০২৪ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নং: ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১ অনুযায়ী কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

৪। প্রার্থীর বয়স নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদনের সর্বশেষ তারিখ অর্থাৎ ১৮/০৮/২০২৫ তারিখে সংশ্লিষ্ট পদের পার্শ্বে উল্লিখিত বয়সের অধিক হবে না। বয়সের ব্যাপারে কোন রকম এফিডেভিট (Affidavit) গ্রহণযোগ্য হবে না।

৫। সকল পর্যায়ের শিক্ষাগত যোগ্যতার সনদ সরকার কর্তৃক অনুমোদিত স্কুল/ইনস্টিটিউট/কলেজ/বোর্ড/বিশ্ববিদ্যালয়ের হতে হবে। বিদেশী স্কুল/ইনস্টিটিউট/কলেজ/বোর্ড/বিশ্ববিদ্যালয়ের হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/ইউজিসি হতে সমতুল্য সনদের প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

৬। জিপিএ-তে ফলাফল প্রাপ্ত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে বিভাগ/শ্রেণী নির্ধারণের জন্য এতদবিষয়ে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পরিপত্র অনুসরণ করা হবে।

চলমান পাতা-২

৭। বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্তানুযায়ী অভিজ্ঞতা থাকতে হবে। চাহিত শিক্ষা কার্যক্রম শেষ হওয়ার (ফলাফল প্রকাশের) পর হতে অভিজ্ঞতার সময়কাল বিবেচনা করা হবে।

৮। একজন প্রার্থী নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত কেবলমাত্র ০১ (এক) টি পদের বিপরীতে আবেদন করতে পারবেন। একই পদের জন্য একাধিক আবেদন বা একই ব্যক্তি একাধিক পদের জন্য আবেদন করলে সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।

৯। সরকারি বা আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় তা প্রদর্শন করতে হবে।

১০। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর নিয়োগ বিজ্ঞপ্তির ক্রমিক নং ০১ এর প্রার্থীগণকে ব্যবহারিক পরীক্ষায় এবং ক্রমিক নং ০২ এর প্রার্থীগণকে লাইট ড্রাইভিং এর ফিল্ড টেস্টে উত্তীর্ণ হতে হবে। কেবলমাত্র ব্যবহারিক ও ফিল্ড টেস্টে উত্তীর্ণ প্রার্থীগণের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।

১১। "বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর অধীনস্থ কোম্পানিসমূহের শ্রমিক-কর্মচারী নিয়োগ নীতিমালা-২০২৩" মোতাবেক নিয়োগের ক্ষেত্রে বিভাগীয় প্রার্থীদের জন্য বয়স ৪৫ (পঁয়তাল্লিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য।

(ক) "বিভাগীয় প্রার্থী" অর্থ ঐ সকল কর্মচারীকে বুঝাবে যারা একই লাইনের এবং এলপিজিএল-এর চাকরিতে কমপক্ষে দুই বৎসর স্থায়ী বা অস্থায়ী ভিত্তিতে নিয়োজিত আছেন এবং বিজ্ঞাপিত পদে পদোন্নতি বা সরাসরি নিয়োগের জন্য যোগ্য; তবে তাঁদের চাকরিতে প্রথম নিয়োগের সময় বয়সসীমা সরাসরি নিয়োগের জন্য নির্ধারিত বয়সসীমার মধ্যে থাকতে হবে।

(খ) "অস্থায়ী কর্মচারী" অর্থ এলপিজিএল-এ অস্থায়ী ভিত্তিতে নিযুক্তির লক্ষ্যে গঠিত উপযুক্ত কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ক্যাজুয়াল ভিত্তিতে ৩১ ডিসেম্বের, ২০১৬ তারিখ পর্যন্ত নিযুক্ত বিদ্যমান সকল শ্রমিক, কর্মচারী এবং নিরাপত্তা প্রহরীদের বোঝাবে।

১২। লিখিত/ব্যবহারিক/ফিল্ড টেস্ট/মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইলে SMS ও LPGL এর অফিসিয়াল ওয়েবসাইট http://www.lpgl.gov.bd এর মাধ্যমে জানানো হবে।

১৩। প্রার্থীগণকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় Online এ পূরণকৃত Application Form সহ নিম্নবর্ণিত কাগজপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং এক সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:

ক) সদ্যতোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি;

খ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র। শিক্ষাগত যোগ্যতার সনদে শ্রেণী/গ্রেড উল্লেখ না থাকলে মার্কশীট/ট্রান্সক্রিপ্ট;

গ) বিদেশি স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রদত্ত সমমানের সনদপত্র;

ঘ) অভিজ্ঞতার সনদ (ক্রমিন নং-০২ এর জন্য প্রযোজ্য);

ঙ) জাতীয় পরিচয় পত্রের কপি/জন্ম নিবন্ধন সনদ।

১৪। যে সকল প্রার্থী কোনো বিদেশী নাগরিককে বিয়ে করেছেন সে সকল প্রার্থী সরকারের লিখিত অনুমতি ব্যতিরেকে আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন না।

১৫। প্রার্থীদেরকে লিখিত/ব্যবহারিক/মৌখিক/স্বাস্থ্য পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৬। সকল পদে নিয়োগের ক্ষেত্রে কোটার প্রার্থীতা প্রমাণের জন্য সকল ডকুমেন্টের মূল কপি মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। উক্ত ডকুমেন্টসমূহের এক সেট ফটোকপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার মাধ্যমে সত্যয়নপূর্বক দাখিল করতে হবে।

১৭। প্রার্থীগণকে চূড়ান্ত নিয়োগ লাভের পূর্বে স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

১৮। এলপি গ্যাস লিমিটেড-এর অফিসিয়াল ওয়েবসাইট http://www.lpgl.gov.bd এ নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোনো সংশোধন, সংযোজন (যদি থাকে) এবং পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য পাওয়া যাবে।

১৯। প্রার্থী কর্তৃক কোনো প্রদত্ত তথ্য বা দাখিলকৃত কাগজপত্র অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ/জাল/মিথ্যা/ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা নিয়োগের যে কোনো পর্যায়ে বাতিল হবে। কোনো প্রার্থী নিয়োগ লাভের পরও তাঁর প্রদত্ত কোনো তথ্য জাল/মিথ্যা/ভূয়া প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া, প্রার্থীর পক্ষে কোনো প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

২০। Online-এ আবেদনপত্র পূরণ পদ্ধতি:

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণকে http://lpgl.teletalk.com.bd এর মাধ্যমে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i) Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ : ২০-০৭-২০২৫, সকাল ১০:০০ ঘটিকা।

ii) Online এ আবেদনপত্র পূরণ ও জমাদানের শেষ তারিখ : ১৮-০৮-২০২৫, বিকাল ০৫:০০ ঘটিকা।

খ) উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র জমাদানের সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

গ) Online এ আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel ও সদ্যতোলা রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

ঘ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তীতে সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

চলমান পাতা-৩

ঙ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি কালার প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

২১। SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:

ক) অনলাইনে আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনানুযায়ী ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit কারী প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy রঙিন প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ আবেদনকৃত পদের জন্য টেলিটক বাংলাদেশ লিমিটেডের সার্ভিস চার্জসহ ৫৬/- (ছাপ্পান্ন) টাকা (অফেরতযোগ্য) Online এ আবেদনপত্র Submit এর পরবর্তী অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online এ আবেদনপত্রের সকল অংশ পুরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম SMS:**

LPGL<space>User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে (Reply হিসেবে একটি PIN নম্বর পাওয়া যাবে)।
Example: LPGL ABCDEFGH & Send to 16222.
Reply SMS: Applicant's Name, Tk. 56/- will be charged as Application fee. Your PIN 12345678.

**দ্বিতীয় SMS:**

To Pay fee Type LPGL<space>Yes<space>PIN and send to 16222. (Reply হিসেবে User ID ও Passwordসহ Payment প্রাপ্তি স্বীকারের SMS পাওয়া যাবে)।
Example: LPGL YES 12345678 & Send to 16222.
Reply SMS: Congratulation Applicant's Name, payment completed successfully for LPGL application for the post of xxx, User ID: ABCDEFGH and Password: XXXXXXXX.

খ) বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল (http://alljobs.teletalk.com.bd) ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://lpgl.teletalk.com.bd এ অথবা এলপিজিএল'র অফিসিয়াল ওয়েবসাইট http://www.lpgl.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online এ আবেদনের ক্ষেত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্ছনীয়।

গ) SMS এ প্রেরিত User ID ও Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষার স্থান/ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র download পূর্বক প্রিন্ট (সম্বব হলে রঙিন)) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

ঘ) শুধু Teletalk pre-paid mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন:

i) User ID জানা থাকলে: LPGL<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: LPGL HELP User ABCDEFGH & Send to 16222.
ii) PIN Number জানা থাকলে: : LPGL<space>Help<space> PIN<space> PIN No & Send to 16222.
Example: LPGL HELP PIN 12345678 & Send to 16222.

ঙ) Online এ আবেদন করতে কোন সমস্যা হলে alljobs.query@teletalk.com.bd অথবা টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে যোগাযোগ করা যাবে। এছাড়া, টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ http://www.facebook.com/alljobs.bd এ প্রবেশ করে মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে (মেইল/মেসেজ এর Subject এ Organization Name: LPGL, Post Name: ****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

২২। বিজ্ঞপ্তিটি এলপি গ্যাস লিমিটেড এর অফিসিয়াল ওয়েবসাইটে (http://www.lpgl.gov.bd) সহ বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর অফিসিয়াল ওয়েবসাইট (http://www.bpc.gov.bd) এবং টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েবসাইটে (http://lpgl.teletalk.com.bd) পাওয়া যাবে।

২৩। শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে প্রার্থীদেরেকে অনলাইনে আবেদন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

২৪। নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম/প্রক্রিয়া আংশিক বা সম্পূর্ণ পরিবর্তন, বাতিল এবং প্রার্থীদের কাউকে নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

Neamat Ullah 27/09/2025

(মো: নেয়ামত উল্লাহ)
মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ এবং মানব সম্পদ)
এলপি গ্যাস লিমিটেড
উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম